ইনৃ: ফি:

আজকের কাগজ

তারিখ 14 NOV 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫

৫২

# ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের জাতীয় পতাকা ও জাতীয় সঙ্গীত বর্জন

ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মূল ক্যাম্পাসে আনুষ্ঠানিকভাবে শিক্ষা কার্যক্রম উদ্বোধন অনুষ্ঠানটি দায়সারাভাবে সেরেছেন। উদ্বোধনী অনুষ্ঠানে কর্তৃপক্ষ জাতীয় পতাকা উত্তোলন করেনি এবং জাতীয় সঙ্গীত পরিবেশন করেনি। গত ১ নভেম্বর উদ্বোধনের পর থেকে দীর্ঘ বার দিন কর্তৃপক্ষকে জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীত পরিবেশনের দাবিতে, ছাত্রনেতাদের পক্ষ থেকে বাংলাদেশ ছাত্রলীগ (ম-ই) এক স্মারকলিপি পেশ করে. কিন্তু তারপরও কর্তৃপক্ষ এ ব্যাপারে কোনো উদ্যোগ নেয়নি। ফলশ্রুতিতে ছাত্র নেতারা ছাত্রলীগ সভাপতি শাহাজাহান আলম সাজু এবং ছাত্রদল সভাপতি মির্জা ওয়ালিদ শিপনের নেতৃত্বে আনুষ্ঠানিকভাবে গতকাল ইসলামী বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসের রেজিষ্টার ভবনের সামনে আনুষ্ঠানিকভাবে পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীত পরিবেশন করে। খবর কুষ্টিয়া প্রতিনিধির ফোন।